জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com
সভা নং- "৬০"

**অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: নুরুল ইসলাম, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা |
| সভার স্থান | : | জয়পুরহাট পৌরসভার সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ২৯ অক্টোবর ২০২৫ |
| রোজ | : | বুধবার |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

| ক্র. ন. | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ | সেপ্টেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, কোন প্রকার সংশোধনী আছে কি না সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সেপ্টেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্য বিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | মাসিক আয় ও ব্যয় পর্যালোচনা ও অনুমোদন। | সেপ্টেম্বর ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক সভায় পাঠ করে শুনানো হয়। | সেপ্টেম্বর ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিল সমূহ ও আয়ের হিসাব সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (পরিশিষ্ট "খ") | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও হিসাব রক্ষণ কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা | জনাব মো: মিজানুর রহমান উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) সভায় জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলির মধ্যে<br>১। লোকাল গর্ভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধীনে স্পেশাল বরাদ্দের আওতায় ০৬ (ছয়) টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৪ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে।<br>২। এডিপি স্পেশাল ও রাজস্ব বরাদ্দের আওতায় ১১ টি প্যাকেজের মধ্যে ১১ টি প্যাকেজের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে।<br>৩। আরইউটিডিপি প্রকল্পের অধীনে ০১ (এক) টি প্যাকেজের ০৪ (চার) টি স্কীমের চলমান রয়েছে এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পগুলি প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী যথাযথ মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। পৌরসভার প্রকৌশলীগণ নিয়মিত কাজগুলির সরেজমিনে তদারকি করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| ০৪ | পাবনা বগুড়া প্রকল্পের আওতায় মার্কেট নির্মাণ এর ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ দ্বারা সড়ক ও ড্রেন নির্মাণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ডিপিপি-তে মার্কেট নির্মানর অর্থ বরাদ্দ ছিল। মার্কেটের জায়গা খতিয়ান নং-১ এ লিপিবদ্ধ হওয়ায় এবং বর্তমানে উক্ত জায়গায় বিদ্যমান মার্কেট থাকায় সেখানে উন্নয়ন মূলক কার্যক্রম তথা নতুন মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ডিপিপি-তে উল্লেখিত মার্কেট নির্মানের জায়গায় যেহেতু নতুন করে মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না সুতারাং ডিপিপি-তে অনুমোদনকৃত অর্থের দ্বারা রাস্তা/ড্রেন নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| ০৫ | পাবনা বগুড়া প্রকল্পের আওতায় ট্রাক/বাস টার্মিনালের অবকাঠামো নির্মাণের জন্য ডিজাইন ও প্রাক্কলন তৈরির নিমিত্তে কনসালটিং ফার্ম নিয়োগ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ডিপিপি-তে উল্লেখিত জয়পুরহাট কেন্দ্রীয় ট্রাক/বাস টার্মিনাল সংস্কার/সম্প্রসারণ করনের জন্য অনুমোদিত হয়। উক্ত অনুমোদন অনুযায়ী ট্রাক/বাস টার্মিনাল সংস্কার/সম্প্রসারণ করার জন্য বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ডিপিপি-তে উল্লেখিত ট্রাক/বাস টার্মিনাল সংস্কার/সম্প্রসারণ করনের জন্য প্রকল্প অফিস হতে নিয়োজিত আর্কিটেকগণ সরজমিনে পরিদর্শন সহ একটি আধুনিক বাস টার্মিনাল নির্মানের জন্য ডিজাইন প্রস্তুত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ২০২৫-২০২৬অর্থ বছরের এডিপির বরাদ্দের প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২০২৬অর্থ বছরের এডিপির ৯টি ওয়ার্ড হতে প্রাপ্ত জনসাধারনের আবেদন গুলো সরজমিনে পরির্দশন সহ পরিমাপ অন্তে প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল প্রশাসক সহায়ক সদস্যগণকে প্রদান করা হয়েছে। উক্ত তালিকা হতে যাচাই বাছাই করে নতুন তালিকা প্রস্তুতকরনের বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৫-২০২৬অর্থ বছরের এডিপির ৯টি ওয়ার্ড হতে সকল প্রশাসক সহায়ক সম্মানিত সদস্যগণের প্রস্তুতকৃত/যাচাইকৃত তালিকা গুলি আগামী মাসের মাসিক সভায় তালিকা সহ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা |
| ৭ | বিবিধ:<br>(ক) ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি বৈদ্যুতিক বাল্বসহ অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় সম্পর্কে আলোচনা | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি অর্থ হতে পৌর এলাকায় স্থাপিত ৯ টি ওয়ার্ডে সড়কবাতি স্বাভাবিক রাখতে প্রতিনিয়ত বৈদ্যুতিক বাল্বসহ অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম ইজিপি পদ্ধতিতে ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি অর্থ হতে ইজিপি পদ্ধতিতে দরপত্রের মাধ্যমে পৌরসভার বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। যাহার প্রাক্কলিত মুল্য ১৩১৪৮০০/(তের লক্ষ চৌদ্দ হাজার আট শত) টাকা অনুমোদন ও জরুরী ভিত্তিতে বিভাগীয় ভাবে ২০০ (দুই শত) টি ১৫ ওয়ার্ড এলইডি বাল্ব ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা |
| | (খ) জেলখানা ও নার্সারী স্কুলে পানির লাইন সংযোগ বিষয়ে আলোচনা | আলোচনা কালে সহকারী প্রকৌশলী (পানি) জয়পুরহাট পৌরসভা জানান যে, জয়পুরহাট জেলখানা ও নার্সারী স্কুলে পানি সংযোগ প্রদানের জন্য মাননীয় জেলা প্রশাসক মৌখিক নির্দেশনা প্রদান করেন। নির্দেশনা প্রাপ্ত হইয়া নির্বাহী প্রকৌশলী গণপূর্ত মহোদয়ের সহিত আলোচনা করে জেলখানা ও নার্সারী স্কুলে পানির লাইন সংযোগের জন্য সরেজমিনে পরিদর্শনসহ পরিমাপ করা হয়। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জেল খানায় পানি সংযোগের যাবতীয় খরচ গণপূর্ত বিভাগ জয়পুরহাট ও নার্সারী স্কুলের সংযোগের যাবতীয় খরচ পৌরসভার নিজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা ও সহকারী প্রকৌশলী (পানি) জয়পুরহাট পৌরসভা |
| | (গ) বাংলাদেশ স্কাউটস জয়পুরহাট জেলা কাব ক্যাম্পুরী -২০২৫ বিষয়ে আলোচনা। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জানান যে, স্কাউটস জয়পুরহাট জেলা কাব ক্যাম্পুরী - ২০২৫ উপলক্ষে সার্কিট হাউজ মাঠে পানি সরবরাহ ও ৫টি ভ্রাম্যমান টয়লেট নির্মানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | স্কাউটস জয়পুরহাট জেলা কাব ক্যাম্পুরী - ২০২৫ উপলক্ষে সার্কিট হাউজ মাঠে পানি সরবরাহ ও ৫টি ভ্রাম্যমান টয়লেট নির্মানের জন্য যাবতীয় খরচ পৌরসভার নিজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা ও সহকারী প্রকৌশলী (পানি) জয়পুরহাট পৌরসভা |
| | (ঘ) আসবাবপত্র ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনা | সহকারী প্রকৌশলী (পানি) সভায় জানান যে, অত্র পৌরসভার বিভিন্ন শাখা হতে ওয়াল ফ্যান, টেবিল, চেয়ার ও আলমারী চেয়ে কর্মকর্তা/কর্মচারীগণ আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | অত্র পৌরসভার বিভিন্ন শাখা হতে ওয়াল ফ্যান, টেবিল, চেয়ার ও আলমারী ক্রয়ের জন্য স্থানীয় দোকান হতে দর যাচাই অন্তে প্রস্তুতকৃত মোট ১,০৩০০০/- (এক লক্ষ তিন হাজার) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা ও সহকারী প্রকৌশলী (পানি) জয়পুরহাট পৌরসভা |
| | (ঙ) প্যাকেজ নং JPS/Rev/2020-2021/01, Tender Id No-507846 কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে। | সহকারী প্রকৌশলী (ভার:) পানি সভায় জানান যে, মোকামতলা, কালাই, জয়পুরহাট মহাসড়কের রেলগেট থেকে যুব উন্নয়ন অফিস পর্যন্ত সড়কের উভয় পার্শ্বে পানির লাইন প্রতিস্থাপন কাজ করা হয়। উক্ত কাজটি ২৮/০২/২০২৫ ইং তারিখের মধ্যে শতভাগ বাস্তবায়ন করা হয়। বাস্তবায়িত কাজের অনুকূলে মাঠ পর্যায়ে পরিমাপ গ্রহণ অন্তে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়। সংশোধিত প্রাক্কলন মূল প্রাক্কলন হতে প্রায় ৫.৯৬% বেশি হয়। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | মোকামতলা, কালাই, জয়পুরহাট মহাসড়কের রেলগেট থেকে যুব উন্নয়ন অফিস পর্যন্ত সড়কের উভয় পার্শ্বে পানির লাইন প্রতিস্থাপন কাজ করা হয়। উক্ত কাজটি ২৮/০২/২০২৫ ইং তারিখের মধ্যে শতভাগ বাস্তবায়ন করা হয়। বাস্তবায়িত কাজের অনুকূলে মাঠ পর্যায়ে পরিমাপ গ্রহণ অন্তে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়। সংশোধিত প্রাক্কলন মূল প্রাক্কলন হতে প্রায় ৫.৯৬% বেশি হয়। উক্ত বৃদ্ধিকৃত কাজ পুনরায় নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সহকারি প্রকৌশলী (ভার:) পানি জয়পুরহাট পৌরসভা কর্তৃক যাচাই বাছাই অন্তে সঠিক পাওয়া যায়। উক্ত সংশোধিত প্রাক্কলন অনুমোদন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা ও সহকারী প্রকৌশলী (পানি) জয়পুরহাট পৌরসভা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | (চ) জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪ .০০৫.২৫-৮৯ তারিখ- ০২/০৯/২০২৫ খ্রি. মূলে ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো রক্ষনা বেক্ষন (টি,আর) কর্মসূচীর আওতায় জয়পুরহাট পৌরসভায় বরাদ্দের নগদ অর্থ দ্বারা প্রকল্প অনুমোদন প্রসঙ্গে | সভাপতির অনুমতিক্রমে অত্রাফিসের নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৫.২৫-৮৯ তারিখ- ০২/০৯/২০২৫ খ্রি. মূলে প্রাপ্ত পত্রটি সভায় পাঠ করে শুনান পত্রদৃষ্টে জানা যায় যে, ২০২৫-২০২৬ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণা বেক্ষন (টিআর) কর্মসূচীর আওতায় জয়পুরহাট পৌরসভার বরাদ্দপ্রাপ্ত নগদ অর্থ দ্বারা পরিপত্রের নির্দেশিকার আলোকে বাস্তবায়নযোগ্য ২৮,৮৮,৮৮২/- (আটাশ লক্ষ আটাশি হাজার আটশত বিরাশি) টাকা প্রাপ্ত প্রকল্প তালিকা প্রস্তাব জেলা ত্রাণ ও পুণর্বাসন কর্মকর্তা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করেছেন। বিষয়টি নিয়ে সভায় ব্যাপকভাবে আলোচনা করা হয়। | ২০২৫-২০২৬ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় জয়পুরহাট পৌরসভার বরাদ্দপ্রাপ্ত নগদ অর্থ দ্বারা পরিপত্রের নির্দেশিকার আলোকে বাস্তবায়নযোগ্য ২৮,৮৮,৮৮২/- (আটাশ লক্ষ আটাশি হাজার আটশত বিরাশি) টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। যা পরিশিষ্ট 'গ' দেখানো হলো। | নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |
| | (ছ) পৌরসভার পাজেরো জীপ গাড়ী মেরামত প্রসঙ্গে | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) সভায় জানান যে, অত্র পৌরসভার পাজারো জীপ গাড়ী যাহার নাম্বার জয়পুরহাট- ঘ- ১১-০০০৪ দীর্ঘদিন ব্যবহার না করার কারনে ইঞ্জিন সহ বিভিন্ন যন্ত্রপাতি অকেজো হওয়ার পথে । জরুরী ভিত্তিতে গাড়ীটি মেরামত না করলে অদূর ভবিষ্যতে বিকল হওয়ার সম্ভবনা রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অত্র পৌরসভার পাজারো জীপ গাড়ী যাহার নাম্বার জয়পুরহাট- ঘ- ১১-০০০৪ দীর্ঘদিন ব্যবহার না করার কারনে ইঞ্জিন সহ বিভিন্ন যন্ত্রপাতি স্থানীয় মেকানিক্স দ্বারা পরীক্ষা নিরীক্ষা করা দরকার। পরীক্ষা অন্তে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে সচল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা ও উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) জয়পুরহাট পৌরসভা। |
| | (জ) জয়পুরহাট পৌরসভাধীন কেন্দ্রীয় ট্রাকটার্মিনাল অভ্যন্তরে লিজকৃত ভবনটির দ্বিতীয় তলা জয়পুরহাট পৌরসভা অনুকূলে ছেড়ে দেওয়া প্রসঙ্গে | নির্বাহী প্রকৌশলী জানান যে, জয়পুরহাট পৌরসভাধীন কেন্দ্রীয় ট্রাকটার্মিনালটি বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় আধুনিকীকরনের কাজ শুরু হবে। এই লক্ষ্যে ট্রার্মিনালের অভ্যন্তরে ভবনটি সম্পূর্ণ অপসারণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভাধীন কেন্দ্রীয় ট্রাকটার্মিনালটি বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় আধুনিকীকরনের কাজ শুরু হবে। এই লক্ষ্যে ট্রার্মিনালের অভ্যন্তরে ভবনটির দ্বিতীয় তলায় অবস্থিত চেতনা মাদকাশক্তি চিকিৎসা কেন্দ্রটি চুক্তিপত্রের শর্ত মোতাবেক দখল পৌরসভার অনুকূলে ছেড়ে দেওয়ার জন্য লীজ গ্রহিতাকে চিঠি দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: নুরুল ইসলাম) ২১/১০/২৫
প্রশাসক
ও
সভাপতি
পৌর পরিষদ সদস্য সমন্বয়ে গঠিত কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং: জপৌস/সাধা/১ (০৭)২/২০২৫/ ৫২৬(২৫)

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২
২১ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ (সকল)।
৪। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৬। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৭। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
৯। দপ্তর নথি।

২১/১০/২৫
(আবু জাফর মো: রেজা)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:)
জয়পুরহাট পৌরসভা।

CamScanner

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com

পরিশিষ্ট: 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

তারিখ: ১৮/০৯/২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডা: মো: আল মামুন | সিভিল সার্জন, জয়পুরহাট্ | স্বাক্ষরিত |
| ২। | একে এম সাদেকুল ইসলাম | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৩। | মো: আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৪। | মুহাম্মদ্ শফিকুল ইসলাম তালুকদার | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৫। | মোছা: উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৬। | মো: রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৭। | মো: জেছের আলী | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৮। | মোসা: লায়লা নাসরীন জাহান | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |

CamScanner